

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৩২

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৬. যখন কোনো মহিলার হায়েযের দিনগুলি ইসতিহাযার দিনগুলি সাথে মিশ্রিত হয়ে যায়

بَابُ إِذَا اخْتَلَطَتْ عَلَى الْمَرْأَةِ أَيَّامُ حَيْضِهَا فِي أَيَّام اسْتِحَاضَتِهَا

আরবী

أَخْبَرَنَا عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا أَبُو بِشْرٍ قَالَ سَمِعْتُ سَعِيدَ بْنَ جُبَيْرٍ يَقُولُ كَتَبَتْ امْرَأَةٌ إِلَى ابْنِ عَبَّاسٍ وَابْنِ الزُّبَيْرِ إِنِّي أُسْتَحَاضُ فَلَا أَطْهُرُ وَإِنِّي جُبَيْرٍ يَقُولُ كَتَبَتْ امْرَأَةٌ إِلَى ابْنِ عَبَّاسٍ وَابْنِ الزُّبَيْرِ إِنِّي أُسْتَحَاضُ فَلَا أَطْهُرُ وَإِنِّي أَنْ لَكُلِّ أَذُكِرُكُمَا اللَّهَ إِلَّا أَفْتَيْتُمَانِي وَإِنِّي سَأَلْتُ عَنْ ذَلِكَ فَقَالُوا كَانَ عَلِيٌّ يَقُولُ تَغْتَسِلُ لِكُلِّ صَلَاةٍ فَقَرَأْتُ وَكَتَبْتُ الْجُوابَ بِيَدِي مَا أَجِدُ لَهَا إِلَّا مَا قَالَ عَلِيٌّ فَقِيلَ إِنَّ الْكُوفَةَ أَرْضَ بَارِدَةً فَقَالَ لَوْ شَاءَ اللَّهُ لَابْتَلَاهَا بِأَشَدَّ مِنْ ذَلِكَ

إسناده صحيح

বাংলা

৯৩২. আবু বাশার বলেন, আমি সাঈদ ইবনু জুবাইর রাহি. কে বলতে শুনেছি, এক মহিলা ইবনু আব্বাস ও ইবনু যুবাইর রাদ্বিয়াল্লাহু আনহুমা'র নিকট লিখে পাঠালেন: আমি ইসতিহাযায় আক্রান্ত হয়েছি, ফলে আমি কখনো পবিত্র হই না। আমি আপনাদের উভয়কে আল্লাহর কথা স্মরণ করিয়ে দিচ্ছি (আল্লাহর কসম দিয়ে বলছি) যে, আপনারা উভয়ে আমাকে ফতোয়া দিবেন। আর আমি আপনাদেরকে এ ব্যাপারে জিজ্ঞাসা করছি।' তখন তারা (লোকেরা) বলল, আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলতেন: সে প্রত্যেক সালাতের সময় গোসল করবে।' আমি (বর্ণনাকারী সাঈদ ইবনু জুবাইর) একথা (ইবনু আব্বাসের নিকট) উল্লেখ করলাম। আর আমি নিজের হাতে উত্তর লিখে দিলাম আলী রাদ্বিয়াল্লাহু আনহু যা বলেছেন, তা ব্যতীত তার জন্য আর কিছুই আমি পেলাম না। তখন তাকে বলা হলো, কুফা' হলো শীতল ঠাণ্ডা এলাকা। তখন তিনি বললেন: আল্লাহ যদি ইচ্ছা করেন, তবে একে এর চেয়েও কঠিন পরীক্ষায় ফেলবেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।



তাখরীজ: আব্দুর রাযযাক নং ১১৭৩,১১৭৯; অপর সনদে তাহাবী, শারহু মা'আনিল আছার ১/১০০ সনদ সহীহ।

দ্রষ্টব্য: ইবনু জুবাইরের মুরসালটি বর্ণনা করেছেন আব্দুর রায্যাক, আর তাহাবী আব্দুল্লাহ ইবনু উমার, আব্দুল্লাহ ইবনু আব্বাস এবং আব্দুল্লাহ ইবনু জুবাইরের মুরসালসমূহ বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু বাশার (রহঃ)

 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 76309$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন